কালের কণ্ঠ

তারিখ ১৬ APR 2015
পৃষ্ঠা 2 কলাম 6

# কাগতিয়া মাদ্রাসায় 'শিক্ষার সুষ্ঠু ও সুন্দর পরিবেশ বিরাজমান'

ইসলামী বিশ্ববিদ্যালয় কুষ্টিয়ার সিন্ডিকেট সদস্য ও বাংলাদেশ জমিয়াতুল মোদাররেছিনের মহাসচিব আলহাজ আল্লামা বলেছেন, 'চট্টগ্রামের কাগতিয়া এশাআতুল উলুম কামিল এম এ মাদ্রাসার উন্নতি ও সাফল্য চোখে পড়ার মতো। মাদ্রাসার প্রধান পৃষ্ঠপোষক কাগতিয়ার গাউছুল আজমের পৃষ্ঠপোষকতায় এবং মাদ্রাসা হযরতুলহাজ্ব আল্লামা অধ্যক্ষ ছৈয়্যদ মুহাম্মদ মুনির উল্লাহ্ আহ্মদীর প্রশাসনিক দক্ষতায় অবকাঠামোগত উন্নয়নের পাশাপাশি মাদ্রাসায় শিক্ষার যে সুষ্ঠু ও সুন্দর পরিবেশ বিরাজ করছে, তা এই অঞ্চলে মাদ্রাসা শিক্ষার প্রসারে মডেলে পরিণত হয়েছে।'

গতকাল বুধবার ইসলামী বিশ্ববিদ্যালয় কুষ্টিয়া কর্তৃক কাগতিয়া এশাআতুল উলুম কামিল এম এ মাদ্রাসা পরিদর্শন শেষে মাদ্রাসার পক্ষ থেকে মাদ্রাসার আল-ফজল গাউছুল আজম সম্মেলন কক্ষে আয়োজিত সংবর্ধনা সভায় প্রধান অতিথির বক্তব্যে অধ্যক্ষ শাব্বির মোমতাজি এসব কথা বলেন। সংবাদ বিজ্ঞপ্তি।